দৈনিক
জনকণ্ঠ

তারিখ 04 FEB 2008
পৃষ্ঠা ৩ কলাম ৮

# স্নাতকোত্তর মেডিক্যাল কোর্সে অবৈধভাবে ডাক্তারদের ভর্তি বাতিল দাবি

**স্টাফ রিপোর্টার ॥** স্নাতকোত্তর মেডিক্যাল কোর্সে অবৈধভাবে চিকিৎসকদের ভর্তি বাতিলের দাবি জানিয়েছে সাধারণ চিকিৎসকরা। এই দাবিতে রবিবার বঙ্গবন্ধু মেডিক্যাল ইউনিভার্সিটির কয়েক শ' চিকিৎসক বিক্ষোভ প্রদর্শন করেছে। সকাল সাড়ে ১১টার দিকে ইউনিভার্সিটির লাইব্রেরীতে অধ্যয়নরত চিকিৎসকরা এক সভায় মিলিত হয়। সভায় চিকিৎসকরা বলেছেন, জোট সরকারের আমলে ২০০২ শিক্ষাবর্ষে বিভিন্ন সরকারী মেডিক্যাল কলেজে বিজ্ঞাপন ছাড়া তথা ভর্তি পরীক্ষা ছাড়াই ৫৮ জন চিকিৎসককে অবৈধভাবে স্নাতকোত্তর পর্যায়ে ভর্তি করা হয়।

এ ব্যাপারে প্রধান উপদেষ্টার দপ্তরের নির্দেশে স্বাস্থ্য অধিদফতর শুধু ভর্তি প্রক্রিয়ায় জড়িতদের আইনানুগ ব্যবস্থা নেয়ার সুপারিশ করেছে। অথচ অবৈধভাবে ভর্তি হওয়া চিকিৎসকদের ভর্তি বাতিল করতে অপারগতা প্রকাশ করায় সর্বস্তরের চিকিৎসকরা বিক্ষুব্ধ হয়ে পড়ে। তাঁরা বলেছেন, ৩শ' নির্বাচনী কর্মকর্তার যদি পুনরায় পরীক্ষা নেয়া যায়, তবে অবৈধভাবে ভর্তি হওয়া চিকিৎসকরা কি আইনের উর্ধে? চিকিৎসকরা এ যাবতকালে অবৈধভাবে ভর্তি হওয়া সকল চিকিৎসকের ভর্তি বাতিল করার জন্য প্রধান উপদেষ্টার কাছে জোর দাবি জানিয়েছেন। ডা. মুরাদ হাসানের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন ডা. পীযূষ বিশ্বাস, ডা. বিপ্লব, ডা. মামুন, ডা. ফারুক, ডা. মিন্টু, ডা. মিঠু ও ডা. হেদায়েত।